

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৯ মে, ২০১৯ ইংরেজি।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী

হতে : পরিচালক

বিষয় : সংস্থায় কর্মকালীন সময়ে গ্রাচুইটি ফান্ড ও প্রভিডেন্ট ফান্ড থেকে স্থায়ী ভাবে অর্থ ফেরত প্রদান বন্ধ এবং প্রভিডেন্ট ফান্ড থেকে ঋণ গ্রহণ প্রসংগে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জানানো যাচ্ছে যে, সংস্থার আর্থিক প্রবৃদ্ধি বাড়ানো ও পিকেএসএফ এর নির্দেশনা বাস্তবায়ন এর নিমিত্তে ব্যবস্থাপনা প্রভিডেন্ট ফান্ড ও গ্রাচুইটি ফান্ড থেকে স্থায়ী ভাবে অর্থ ফেরত প্রদান ও ঋণ গ্রহণের ক্ষেত্রে কতিপয় সিদ্ধান্ত গ্রহণ করছে।

১. এখন থেকে প্রতিষ্ঠানে কর্মরত অবস্থায় থাকা কালীন সময়ে কোন কর্মী প্রভিডেন্ট ফান্ড ও গ্রাচুইটি ফান্ড থেকে স্থায়ী ভাবে অর্থ ফেরত নিতে পারবেন না এবং এ বিষয়ে কোন কর্মী আবেদনও করতে পারবেন না।
২. গ্রাচুইটি ফান্ড থেকে ঋণ গ্রহণ করা যাবেনা এবং এ বিষয়ে কোন কর্মী আবেদনও করতে পারবে না।
৩. প্রভিডেন্ট ফান্ড থেকে সংস্থা ও নিজ অংশ মিলে মোট অংশ থেকে ৫০% ঋণ নিতে পারবে। তবে বিশেষ ক্ষেত্রে ৫০% এর বেশী ঋণ নিতে হলে নির্বাহী পরিচালকের বিশেষ অনুমোদন লাগবে। উল্লেখ্য যে ৫০% এর বেশী ঋণ গ্রহণের ক্ষেত্রে নির্দিষ্ট ফরমেট এর বাহিরে আলাদা কারণ উল্লেখ পূর্বক নির্বাহী পরিচালক বরাবর আবেদন করতে হবে।
৪. এই সার্কুলারটি ২৯ মে ২০১৯ থেকে কার্যকরী হবে এবং এটির সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে আগামী ১৫ জুন ২০১৯ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে যে কোন মাধ্যমে জানানোর জন্য অনুরোধ করা হলো।
৫. এই সার্কুলারটি আপনি আপনার শাখায়, প্রকল্প অফিস, সিএফএমটিসি, সিএক্সএমটিসি ও বিএইচএমটিসি বরিশাল, চট্টগ্রাম, নোয়াখালী ব্যবস্থাপনা কেন্দ্র, এফডিএমএন প্রকল্প অফিস ও প্রধান কার্যালয়ে আগামী দু'টি সভায় আলোচনা করবেন। এই সার্কুলারটি সকল কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নিবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে বুলিয়ে রাখবেন, পরবর্তীতে নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

এ ব্যাপারে আপনাদের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ, ০

সনত কুমার ভৌমিক 29.05.2019

অনুলিপি : নির্বাহী পরিচালক
সকল উপ-পরিচালক
সকল সহকারী পরিচালক
অফিস কপি।